



# Center for Peace Studies

Promoting peace through people

South Asian Institute of Policy and Governance (SIPG)  
North South University

Room 919, Level 9, Plot-15, Block- B Bashundhara R/A, Dhaka-1229, Bangladesh

Email: cps@northsouth.edu, Website: <https://www.cpsnsu.org>

## ইউক্রেন পরিস্থিতি সম্পর্কে বিবৃতি

জাতিসংঘ সনদের অনুচ্ছেদ ২ (৪) এ উল্লেখ রয়েছে যে এর অধীনে সমস্ত রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে কোনো রাষ্ট্রের আঞ্চলিক অখণ্ডতা বা রাজনৈতিক স্বাধীনতার বিরুদ্ধে হুমকি বা শক্তির ব্যবহার প্রতিরোধ করা এবং আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা এবং ন্যায়বিচার নিশ্চিত করতে বিরোধগুলি শান্তিপূর্ণ উপায়ে নিষ্পত্তি করার বিষয়ে বাধ্যবাধকতা আছে।

উল্লেখ্য যে, ২৪ আগস্ট ১৯৯১, ইউক্রেন প্রজাতন্ত্র "ইউক্রেনের রাষ্ট্রীয় সার্বভৌমত্বের ঘোষণাপত্র" গৃহীত হওয়ার পরে "স্বাধীনতা আইন" এর মাধ্যমে একটি সার্বভৌম স্বাধীন জাতিতে পরিণত হয় এবং সেখানে ইউক্রেনের জনগণের আঞ্চলিক অখণ্ডতা এবং স্ব-নিয়ন্ত্রণের অধিকার রয়েছে;

যেহেতু, ইউক্রেন জাতিসংঘ এবং ইউরোপীয় কাউন্সিলের সদস্য এবং তাই বৈধভাবে সদস্য রাষ্ট্রগুলির জন্য নির্ধারিত সমস্ত অধিকার দাবি করে;

এ পরিপ্রেক্ষিতে, নর্থ সাউথ ইউনিভার্সিটির সেন্টার ফর পিস স্টাডিজের সদস্যরা নিম্নোক্ত বিবৃতি প্রদান করছে:

- (১) আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে ইউক্রেনে রাশিয়ার আক্রমণের নিন্দা জ্ঞাপন করছে, এছাড়াও অন্যান্য সকল পক্ষ দ্বারা ইউক্রেনে সহিংসতারও নিন্দা জ্ঞাপন করছে;
- (২) ইউক্রেনে বেসামরিক হতাহতের খবরে গভীর উদ্বেগ প্রকাশ করছে;
- (৩) একটি মুক্ত গণতান্ত্রিক ইউরোপীয় রাষ্ট্র হিসাবে স্বদেশে শান্তি, সুরক্ষা এবং নিরাপত্তার স্বাক্ষরিত ইউক্রেনের বিপর্যস্ত জনগণের সাথে সংহতি এবং সহানুভূতি প্রকাশ করছে;
- (৪) অবিলম্বে ইউক্রেনে বলপ্রয়োগ এবং শত্রুতা বন্ধ করার জন্য সকল পক্ষের প্রতি আহ্বান জানাচ্ছে;
- (৫) ইউক্রেনের জাতীয় সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতা এবং স্ব-নিয়ন্ত্রণের স্বাধীনতার অধিকার নিশ্চিত করতে আহ্বান জানাচ্ছে;
- (৬) জাতিসংঘ সনদের নীতিমালাসমূহ সম্মুখত রেখে ইউক্রেনের দুর্দশা লাঘবে একটি শান্তিপূর্ণ ও কূটনৈতিক সমাধানের লক্ষ্যে আন্তর্জাতিক সম্প্রদায়কে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানাচ্ছে;

সেন্টার ফর পিস স্টাডিজ (সিপিএস), সাউথ এশিয়ান ইনস্টিটিউট অফ পলিসি অ্যান্ড গভর্নেন্স (এসআইপিজি),

নর্থ সাউথ ইউনিভার্সিটি, ঢাকা, বাংলাদেশ

৩ মার্চ ২০২২



North South University



South Asian Institute of  
Policy and Governance